

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

.....

অতঃপর যখন তাকে প্রসব করলো বলল, হে আমার পালনকর্তা! আমি একে কন্যা প্রসব করেছি। বস্ত্রভঃ কি সে প্রসব করেছে আল্লাহ তা ভাইই জানেন।

সূরা আল ইমরান ৩৬

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিস্টেমটি

গ্রাফিক্স ড্রাইভেরটি

হাইস্পিড মাল্টিমিডিয়া

গেজিট কম্পিউটার

গ্যারান্টি

গেজিট

সেবা : ০২৯১০০৬৬৬৬৬, ০২৭১১০২৭১০৪

বরিশাল ৯ শুক্রবার ৯ ৩১ জুলাই ২০২৬ ৯ ১৬ সফর ১৪৪৮ ৯ ১৬ শ্রাবণ ১৪৩৩ ৯ ৯ম বর্ষ ৯ ৫৯ সংখ্যা ৯ ৪ পৃষ্ঠা ৯ ৫ টাকা

৮৬ ডেপুটি অ্যাটর্নি ও ১৭৯ সহকারী অ্যাটর্নি জেনারেল নিয়োগ

কীর্তনখোলা ডেস্ক

উচ্চ আদালতে রাষ্ট্রপক্ষে মামলা পরিচালনার জন্য ৮৬ জন ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও ১৭৯ জন সহকারী অ্যাটর্নি ২ এর পাতায় দেখুন

কিছুই বদলায়নি, যারা ঘুষ খেত তারা এখনো ঘুষ খাওয়ার ফন্দিফিকির করছে: ক্ষুধরুল

কীর্তনখোলা ডেস্ক

মাত্র চার থেকে পাঁচ মাসের মন্ত্রিত্বের অভিজ্ঞতায় রাষ্ট্রযন্ত্রে কাঙ্ক্ষিত পরিবর্তন দেখাতে পাননি বলে মন্তব্য করেছেন বিএনপির ২ এর পাতায় দেখুন

দেশে এখন নির্লজ্জ দলীয়করণ চলছে: জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক

দেশে এখন ‘নির্লজ্জ দলীয়করণ’ চলছে বলে অভিযোগ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় ২ এর পাতায় দেখুন

আজ থেকে আমি আর কোনো কথা বলব না চূপ থাকব: পাটওয়ারী

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, ‘আমি আজকে থেকে আর কোনো ২ এর পাতায় দেখুন

বেতন ভাতাসহ ৯ দফা দাবিতে ফরচুন সুজ লিমিটেড এর শ্রমিকদের বরিশাল নগরীর নতুন বাজার সড়ক অবরোধ করে বিক্ষোভ

-কীর্তনখোলা

বরিশাল সিটি কর্পোরেশন

নতুন কোনো কর আরোপ না করে ৬৪৭ কোটি ৫৩ লাখ টাকার বাজেট ঘোষণা

কীর্তনখোলা রিপোর্ট

কোনো ধরনের নতুন কর বৃদ্ধি ছাড়াই ২০২৬-২০২৭ অর্থবছরে ৬৪৭ কোটি ৫৩ লাখ ৮৫ হাজার ৩০৯ টাকার প্রস্তাবিত বাজেট ঘোষণা করেছে বরিশাল সিটি কর্পোরেশন (বিসিপি)।

বিসিপি'র ঘোষণাকৃত বাজেটে নগর উন্নয়ন, জলাবদ্ধতা নিরসন,

বিশুদ্ধ পানি সরবরাহ, আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা, নারী ও শিশু কল্যাণ, পরিবেশ সংরক্ষণ এবং ডিজিটাল নাগরিকসেবাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার নগর ভবনে আয়োজিত বাজেট ঘোষণায় বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাড.

বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, সীমিত রাজস্ব আয়ের মধ্যেও নাগরিক সেবার মান বাড়াতে কর বৃদ্ধি না করেই এ বাজেট প্রণয়ন করা হয়েছে। তিনি বলেন, ‘ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিকল্পিত, সবুজ, পরিচ্ছন্ন, নারী ও শিশুবান্ধব স্মার্ট মহানগরী গড়ে তোলাই আমাদের লক্ষ্য।’

২০২৫-২০২৬ অর্থবছরের মূল বাজেট ছিল ৫২০ কোটি ৮৬ লাখ ১৬ হাজার ৯২৮ টাকা। সংশোধিত বাজেট দাঁড়িয়েছে ৪৬২ কোটি ৮৬ লাখ ২২ হাজার ৮৩৭ টাকা। বাজেটে নগরীর জলাবদ্ধতা দূরীকরণে ব্যাপক পরিকল্পনা নেওয়া হয়েছে। জেলখাল, আমানতগঞ্জ, সাগরনী

ও লাকুটিয়া খাল পুনঃখনন এবং খালের পাড় সংরক্ষণে ৭৬৯ কোটি ৪০ লাখ টাকার প্রকল্প মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। প্রকল্প অনুমোদন হলে দীর্ঘদিনের জলাবদ্ধতা সমস্যার স্থায়ী সমাধান হবে বলে আশা প্রকাশ করা হয়। একই সঙ্গে ২ এর পাতায় দেখুন

কীর্তনখোলা ডেস্ক

নেগোশিয়েবল ইনস্ট্রুমেন্টস (এনআই) অ্যাক্টের ১৩৮ ধারায় করা মামলার মূল উদ্দেশ্য চেকের অর্থ আদায় নিশ্চিত করা, আসামিকে কারাগারে পাঠানো নয় বলে পর্যবেক্ষণ দিয়েছেন হাইকোর্ট। আদালত বলেছেন, এ

ধরনের মামলায় কারাদণ্ড একটি কঠোর সাজা। তাই বিশেষ ও উপযুক্ত পরিস্থিতি ছাড়া এ সাজা দেওয়া উচিত নয়। মো. আলাউদ্দিন বনাম রাষ্ট্র ও অন্যান্য আসামির রায়ে এমন পর্যবেক্ষণ দেন বিচারপতি ড. মো. বশির উল্লাহর একক হাইকোর্ট বেঞ্চ।

গত ২২ জুলাই রায় ঘোষণার পর বৃহস্পতিবার (৩০ জুলাই) এর লিখিত অনুলিপি প্রকাশ করা হয়। রায়ের আদালত আসামির অর্থদণ্ড বহাল রেখে কারাদণ্ড বাতিল করেছেন। একই সঙ্গে চেকের বাকি ২ লাখ ৫০ হাজার টাকা ২ এর পাতায় দেখুন

সংমাকে খুন করে

জেলে, জামিনে এসে

আপন মাকে খুন

কীর্তনখোলা ডেস্ক

ফরিদপুরে সংমাকে খুন করে দীর্ঘদিন জেল খেটে জামিনে এসে আপন মাকে খুন করার অভিযোগ উঠেছে রাহিম শেখ নামের এক যুবকের বিরুদ্ধে। এ ঘটনার পর অভিযুক্ত পলাতক। বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুর দেড়টার দিকে শহরের বায়তুল আমান এলাকায় এ ঘটনা ঘটে। রাহিম শেখ ওই এলাকার আকবর শেখের ছেলে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, রাহিম শেখ মানসিকভাবে অসুস্থ ছিলেন। পাশাপাশি নেশাসক্ত ছিলেন। ৬-৭ বছর আগে তার সংমাকে কুপিয়ে হত্যা করে দীর্ঘদিন ধরে জেলে ছিলেন। বেশকিছু দিন ধরে তিনি জামিনে আছেন। বৃহস্পতিবার দুপুরে নেশার টাকার জন্য মা শামেলা আক্তারের সঙ্গে তার ২ এর পাতায় দেখুন

মাহরাজা টেলিভিশনের ১৫ বছর পূর্তি উপলক্ষ্যে কেক কাটা অনুষ্ঠানে বক্তব্য রাখেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন।

-কীর্তনখোলা

প্রচণ্ড গরমে বাংলাদেশের আর্থিক

ক্ষতি ১.৮ বিলিয়ন ডলার

কীর্তনখোলা ডেস্ক

অতিরিক্ত গরমের কারণে শ্রম উৎপাদনশীলতা কমে যাওয়ায় ২০২৪ সালে বাংলাদেশের আনুমানিক ১৩০ থেকে ১৮০

কোটি (১ দশমিক ৩১ দশমিক ৮ বিলিয়ন) ডলার ক্ষতি হয়েছে। এই অঙ্ক দেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রায় দশমিক ৩ থেকে দশমিক ৪

শতাংশের সমান। বিশ্বব্যাংকের প্রকাশিত নতুন এক প্রতিবেদনে এই চিত্র উঠে এসেছে। বুধবার ‘আ লিভেল ফিউচার: প্রোটেক্টিং ২ এর পাতায় দেখুন

আগস্ট মাসে

জ্বালানি তেলের

দাম বাড়ছে না

কীর্তনখোলা ডেস্ক

আগস্ট মাসে সব ধরনের জ্বালানি তেলের দাম অপরিবর্তিত রাখার নির্দেশনা দিয়েছে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। ফলে আগামী মাসে জ্বালানি তেলের দাম বাড়ছে না। এ বিষয়ে বৃহস্পতিবার (৩০ জুলাই) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যানের কাছে চিঠি পাঠানো হয়েছে। আগামী মাসেও ভোজ্য পর্যায়ের প্রতি লিটার ডিজেলের দাম ১১৫ টাকা, অকটেনের দাম ১৪৫ টাকা, পেট্রোলের দাম ১৪০ টাকা এবং কেরোসিনের দাম ১৩৫ টাকা বহাল থাকবে। সর্বশেষ গত মাসের (জুন) ১ তারিখ থেকে ডিজেল, ছাড়া অকটেন, পেট্রোল ও কেরোসিনের দাম লিটারে ২ এর পাতায় দেখুন

বরিশাল সিভিল সার্জনের অপসারণ দাবিতে

ডিসি কার্যালয়ের সামনে অবস্থান কর্মসূচি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের নবনিযুক্ত সিভিল সার্জন ডা. মনিরুজ্জামানের অপসারণের দাবিতে টানা পঞ্চম দিনের মতো আন্দোলন কর্মসূচি পালন করেছেন বৈষম্যবিরোধী আন্দোলনের জুলাই যোদ্ধারা। বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুরে বরিশাল জেলা প্রশাসক (ডিসি) কার্যালয়ের প্রধান ফটকের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন তারা। এ সময় আন্দোলনকারীরা বিভিন্ন স্লোগান দিয়ে সিভিল সার্জনের পদত্যাগ ও অপসারণের দাবি জানান। আন্দোলনকারীদের অভিযোগ, ডা. মনিরুজ্জামান অতীতে বিভিন্ন অনিয়ম, দুর্নীতি এবং ক্ষমতার অপব্যবহারের সঙ্গে জড়িত ছিলেন। ২ এর পাতায় দেখুন

বরিশালে তারুণ্য এবং

সম্ভাবনার বাংলাদেশ

শীর্ষক সেমিনার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলায় ‘তারুণ্য এবং সম্ভাবনার বাংলাদেশ’ শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের আয়োজনে বৃহস্পতিবার সকাল ১০ টায় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. আব্দুল্লাহ আল মামুন। তিনি শিক্ষার্থীদের সুবিধার জন্য নানা উদ্যোগ গ্রহণ করেছে। সরকারের উদ্যোগগুলোর সাথে ২ এর পাতায় দেখুন

বরিশালের ৪৪জনসহ

লটারিতে গণপূর্তের ৭৬৭ উপ-

সহকারী প্রকৌশলীর বদলি

কীর্তনখোলা ডেস্ক

প্রথমবারের মতো লটারির মাধ্যমে গণপূর্ত অধিদপ্তরের ৭৬৭ জন উপ-সহকারী প্রকৌশলীকে (সিভিল) বদলি করা হয়েছে। বৃহস্পতিবার (৩০ জুলাই) রাজধানীর সেগুনবাগিচায় পূর্ত ভবনের সম্মেলন কক্ষে দেশের আট বিভাগের এসব কর্মকর্তার পদায়নের স্থান ও শাখা লটারির মাধ্যমে নির্ধারণ করা হয়। পুরো কার্যক্রম তদারকি ও সমন্বয় করেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সারোয়ার আলম। সরকারের উন্নয়ন কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা নিশ্চিত করার পাশাপাশি সুষ্ঠু মানবসম্পদ ব্যবস্থাপনার লক্ষ্যে লটারির মাধ্যমে বদলি করা হয়েছে বলে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। লটারির ফলাফলের ভিত্তিতে ঢাকা বিভাগে ৩১৭ জন, চট্টগ্রামে ১৩৩ জন, খুলনায় ৭৪ জন, রাজশাহীতে ৭৩ জন, রংপুরে ৬৪ জন, বরিশালে ৪৪ জন, সিলেটে ৩৩ জন এবং ময়মনসিংহে ২৯ জন উপ-সহকারী প্রকৌশলীকে পদায়ন করা হয়েছে। তাদের গণপূর্ত অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় এবং জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলীর ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। গ্রাহ্যকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা জ্ঞানার্পকিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রহ্মচর্য কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

কীর্তনখোলা

উচ্চ মাধ্যমিক ও সমমান প্রোগ্রাম

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্নাওরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক প্রোগ্রামের শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়সহ বিভাগের প্রধান পরীক্ষক, সরকারি আদেলবাড়ী কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সূজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্ডা	ইসলামিয়া লাইব্রেরি	অব্ধুর লাইব্রেরি	অব্ধুর লাইব্রেরি
সফর রোড, বরিশাল	সফর রোড, বরিশাল	সফর রোড, বরিশাল	সফর রোড, বরিশাল
01932-314219	01711-264963	01708-868515	01708-868514

খন্দকার লাইব্রেরি

সফর রোড, বরিশাল

01711-047767

নিউ মাহবুব লাইব্রেরি

সফর রোড, বরিশাল

01763-107720

রহমান বুক হাউজ

শাহাবুজ্জামান, সফর রোড, বরিশাল

01718-670945

মজুমদার লাইব্রেরি

সফর রোড, বরিশাল

01716-139268

অমৃত লাইব্রেরি

সফর রোড, বরিশাল

01719-408049

নিউ কলেজ লাইব্রেরি

সফর রোড, বরিশাল

01726-074663

হুক লাইব্রেরি

সফর রোড, বরিশাল

01724-851658

আশরাফিয়া লাইব্রেরি

সফর রোড, বরিশাল

01717-488083

কবীর্ভনাথানা ২

আন্তর্জাতিক প্রতিদিন

মম্বাদকীয় দুর্ভোগ কমাতে হবে

জাতীয় পরিচয়পত্র বা এনআইডি এখন নানা জরুরি কাজে ব্যবহৃত হয়। ব্যাংক অ্যাকাউন্ট খোলা, পাসপোর্ট তৈরি, জমি কেনোবেচা, সরকারি ভাতা গ্রহণ থেকে শুরু করে মোবাইল সিম কার্ড কেনা পর্যন্ত জীবনের প্রতিটি ক্ষেত্রে এনআইডি অপরিহার্য। কিন্তু পরিচয়পত্র বিষয় হলো, কোটি কোটি নাগরিকের এই গুরুত্বপূর্ণ সনদে রয়ে গেছে অসংখ্য তথ্যবিভ্রাট। আর এই ভুলের খেসারত দিতে হচ্ছে সাধারণ মানুষকে। একটি তথ্য সংশোধন করতে গেলে নাগরিকদের মাসের পর মাস, বছরের পর বছর দুর্ভোগ পোহাতে হয়। এ ছাড়া রয়েছে দালালচক্রের দৌরাত্ম। অভিযোগ রয়েছে, সুযোগ বুঝে সংশ্লিষ্ট কর্মকর্তারাও মোটা অঙ্কের ঘুষ দাবি করেন। খবরে জানা গেছে, এনআইডিতে একটি ভুল তথ্য সংশোধন করতে গিয়ে এক ব্রিটিশ-বাংলাদেশীর পাঁচ বছর লেগেছে। ভুক্তভোগী সাবুল মিয়া এক-দুবার নয়, মোট চারবার অবৈধন করেছেন। প্রতিরাই নতুন নতুন নথিপত্র চাওয়া হয়েছে। বারবার আশ্রম দেওয়া হয়েছে, ‘কাজ হয়ে যাবে’; কিন্তু কাজ হয়নি। এ জন্য তাঁকে বারবার যুক্তরাজ্য থেকে বাংলাদেশে ছোঁটাটিট করতে হয়েছে। অথচ তাঁর এনআইডিতে ভুল ছিল মাত্র একটি। তাঁর প্রকৃত বয়স ৮৭, কিন্তু এনআইডিতে লেখা হয় ৭৮। এতে তাঁর বয়স ৯ বছর কমে যায়। এই ভুল সংশোধনের জন্য তিনি প্রথমে যান সিলেট অঞ্চলিক নির্বাচন কার্যালয়ে। সেখানেই তাঁকে পাঁচ বছর নাকানিচুবানি খেতে হয়েছে। অবশেষে চলতি বছর ২৪ মে নির্বাচন কমিশনের প্রধান কার্যালয়ে তাঁর কাজ সম্পন্ন হয়। খোঁজ নিলে দেখা যাবে, সাবুল মিয়ার মতো তিক্ত অভিজ্ঞতা অকমেরই। এখন ডিজিটাল যুগ। নানা ক্ষেত্রে আগের তুলনায় পণি এসেছে। সঠিক তথ্য যাচাই-বাছাইয়ের অনেক সুযোগ তৈরি হয়েছে। এই সময়ে এসে জাতীয় নাগরিকপুত্র সনদ সংশোধনের প্রক্রিয়ায় এত অব্যবস্থাপনা, এত মহুগরুত্ব মেনে নেওয়া যায় না। এনআইডি সংশোধনের পুরো প্রক্রিয়াকে আরো সহজ, স্বচ্ছ এবং সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা এখন সময়ের দাবি। ভুলের ধরন অনুযায়ী ক্যাটাগরি ভাগ করে একটি নির্দিষ্ট সময়সীমা ১৫ বা ৩০ দিন বেধে দেওয়া যেতে পারে। এই সময়ের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করতে কর্মকর্তারা ব্যা থাকবেন। ওয়াকিফহাল মহলের অভিমত, এমন পদক্ষেপ ছাড়া সাধারণ মানুষের ভোগান্তি কমবে না। আমরা আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং জাতীয় পরিচয়পত্র সংশোধনে একটি কার্যকর ও নাগরিকবান্ধব ব্যবস্থা গড়ে তুলবে।

আজ থেকে আমি আর

কথা বলব না, চুপ থাকব। পুরো বাংলাদেশে দেখি উনারা কতটুকু বাড়তে পারে, কতটুকু যাইতে পারে। আমরা সেই মাত্রাটা দেখব।’ বৃহস্পতিবার (৩০ জুলাই) বিকেলে সিলেটের গোলাপগঞ্জ এনসিএর পাঁচগাওয়ার হালাল ঘন্টানায় সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। পাটওয়ারী বলেন, ‘সারঞ্জামের গাড়িতে একটু আগে হামলা করিলে। ছাত্রলব হামলা করছে এবং সেখানে পাণ্ডিত্বলা ভাঙুর করছে। আমাকে তো হামলা করা হয়। তারা একটা জাস্টিফিকেশন দিয়েছে যে, আমি কথা বলি নাকি এইজন্য। আমি আজকে থেকে আর কোনো কথা বলব না, চুপ থাকিব। পুরো বাংলাদেশে দেখি উনারা কতটুকু বাড়তে পারে, কতটুকু যাইতে পারে। আমরা সেই মাত্রাটা দেখব।’ নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, হবিগঞ্জের ঘটনায় আমরা রাতে মামলা করেছি। মামলাতে যাদের হাত তেঙে দেওয়া হয়েছে, অনেকের চোখ তোলা হয়েছে- যারা এটা করেছে এটা স্পষ্ট ভিডিও ফুটেজ আছে। সেখানে আমরা কিছু এককরেন আসতেছে। কারণ একজন ব্যক্তির ওখানে নাম আছে, যার নামটা ওখানে ভিডিওতে ছিল না। তিনি বলেন, বাংলাদেশে বিচারহীনতার যে সংস্কৃতি আছে সেটা থেকে বের হয় তাদের রহমান যে সরকার গঠন করতেছে উনারা বিচার করেনে। আমরা প্রধানমন্ত্রী কাছে আহ্বান জানাচ্ছি- একজন ইন্টারের ছেলে যে হলো কাউকে কর্থনা মারতে যায় নাই, তার বাবা অসুস্থ, যা প্রতিবন্ধী, তার অপারেশন থিয়েটারে আছে। তিনি বলেন, আপনি কি পারবেন তার চোখটা ফেরত দিতে। আমরা বাংলাদেশে আসে কোনো সহিংসতার রাজনীতি দেখতে চাই না। আমরা এতটুকুই বলবো- খ্রিয় তাদের রহমান আলিফের চোখটা ফেরত দিন। আমরা চুপ হয়ে যাব। আমরা আর কিছু বলবো না। আপনি অপনার ক্ষমতা ভালো। আমরা কিছু চাই না, কিন্তু আমাদের আলিফের চোখটা ফেরত চাই।

দেশে এখন নিলজ্ঞ দলীয়করণ

নেতা শফিকুর রহমান। তাঁর দাবি, সরকারি-বেসরকারি, আধা সরকারি প্রতিষ্ঠান, ব্যাংক-বীমা, করপোরেশন, প্রশাসন ও বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে যোগ্য ও দেশপ্রেমিকদের সরিয়ে দলীয় বিবেচনায় নিয়োগ দেওয়া হচ্ছে। বৃহস্পতিবার রাজধানীর কারাকীসে আইডিহিবতে জুলাই গণ-অভ্যুত্থানের শহীদ পরিবার ও আহত যোদ্ধাদের নিয়ে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। শফিকুর রহমান বলেন, ‘আমাদের আগেরদের অনেক প্রস্তাব দেওয়া হয়েছে। বিভিন্নভাবে অনেক লোভ-টোপ দেওয়া হয়েছে। আমরা এ পথে এগুলো ঘূর্ণাস্তরে প্রত্যাখ্যান করেছি।’ শফিকুর রহমান বলেন, ‘আমরা বলছি, গণভোট আনবার চাইলেন, আমরা চাইলাম। আমরা আপনারা মনেন না। কিন্তু আমরা আমাদের জায়গায় আছি। আমরা এখন থেকে সরতে পারব না।’ বিরোধীদলীয় নেতা বলেন, ‘আমরা জনগণের সঙ্গে বেইমানি করতে পারব না।’ সরকারের উদ্দেশে তিনি বলেন, ‘আপনারা জাতির সঙ্গে দেওয়া কথা রক্ষা করেননি। এখনো সময় আছে, জনগণের প্রত্যাশা অনুযায়ী সঠিক পথে ফিরে আসুন।’ বিরোধীদলীয় নেতা জানান, দলীয় বিভিন্ন ভদুভীতি দেখানো হচ্ছে। তিনি বলেন, ‘আমরা অস্ত্রাহ ছাড়া কাউকে ভয় করি না। কেন ভয় করব? আমাদের নেতৃবৃন্দ ফাঁসির মঞ্চে দাঁড়িয়ে বসেছেন, অন্যদের কাছে মাথা নত করা যাবে না। আমরা সেই জায়গায় দাঁড়িয়ে আছি। আমরা মনে করি, প্রতি মূহুর্তে ফাঁসির মঞ্চে ওপাই আছি।’ জামায়াত অমির অভিযোগ করেন, দেশে এখন ‘দিলজ্ঞ দলীয়করণ’ চলছে। সরকারি-বেসরকারি, আধা সরকারি প্রতিষ্ঠান, ব্যাংক-বীমা, করপোরেশন, প্রশাসন ও বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে যোগ্য ও দেশপ্রেমিকদের সরিয়ে দলীয় বিবেচনায় নিয়োগ দেওয়া হচ্ছে। তাঁর ভাষায়, ‘এটি কি নতুন ধরনের কোটা নত? যোগ্য ও ন্যায্য মারফদের সরিয়ে অস্ব ও দুর্নীতিবাজদের গুরুত্বপূর্ণ জায়গায় বসানো হচ্ছে। দেন একটি দুর্নীতির স্বর্ণরাজ্য কান্নেম করা যায়।’ শফিকুর রহমান জানান, ২০২৪ সালের আদোলন চলাকালে যখন অনেক রাজনৈতিক দল এটিকে কেবল শিক্ষাবিদেে আদোলন বলে দরুত বজায় রাখে, তখন জামায়াতে ইসলামী প্রকাশ্যে দেশবাসী ও দলীয় নেতাকর্মীদের আদোলনবত তরুণদের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছিল। তবে আদোলন সফল হওয়ার পরও তারা কখনো এর কৃতিত্বের দাবি করেননি। শফিকুর রহমান বলেন, ‘আমরা বলিনি আদোলনের মাস্টারমাইন্ড (মূল পরিকল্পনাকারী) আমরা। কিবো আমাদের এর শহীদ হয়েছে বলে কোনো কৃতিত্ব দাবি করিনি। আমরা নির্বাচনও দাবি করিনি। এবং শহীদ পরিবার ও আহতদের পাশে দাঁড়ানোকে অস্বাধিকার দিয়েছি।’

কিছুই বদলায়নি, যারা ঘুষ

মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, আগে যারা ঘুষ খেত, তারা এখনো একইভাবে ঘুষ খাওয়ার ফন্দিফিকির করছে। ভালো কাজ আটকে দেওয়ার প্রবণতাও বদলায়নি। এমনকি ডাল পাঁটানো অনেকেই এখন ‘জুলাই যোদ্ধা’ পরিচয়ে সামনে আসছেন। বৃহস্পতিবার ডিএফও অডিটরিয়ামে জুলাই শহীদ দিবস ২০২৬ উপলক্ষে প্রকাশনার মেডুক উদ্যোন, আলোকচিত্র প্রদর্শনী ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিএনপির মহাসচিব বলেন, ‘...আমরা এই চার পাঁচ মাসে মন্ত্রিরে অভিজ্ঞতা, আপনাদের বলা দরকার আমার, আমি দেখছি কিছুই বদলায়নি।’ তিনি বলেন, একইভাবে আগে যারা ঘুষ খেত, তারা ঘুষ খাওয়ার ফন্দিফিকির করছে। একইভাবে যারা আটকে দিত ভালো

একটা কাজকে, আটকে দিচ্ছে। একইভাবে লোকজন ভোল পাঁটাত্তে। ভোল পাঁটানো লোকজনই এখন অনেক বেশি জুলাই যোদ্ধা হয়ে গেছে। বিএনপির মহাসচিব বলেন, ‘এই কথাগুলো আক্ষেপে বলছি। আক্ষেপে বলছি এ জন্য, আমার বয়স অনেক। আমি তো সত্যিকার অর্থেই এবার পরিবর্তনটা দেখতে চেয়েছিলাম। এখন পর্যন্ত সেটা আমি দেখছি না আমাদের মধ্যে। এর পরিবর্তন যেন আনতে পারি, তাহলে জুলাই আদোলন... জুলাই বিপ্লবের সফল পর্যাণতি দেখতে পারব।’ হতাশা ভর করলেও প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রচেষ্টায় পরিবর্তন দেখছেন বলে উল্লেখ করেন মির্জা ফখরুল। বিএনপির মহাসচিব বলেন, তিনি আশাবাদী এ কারণে যে, তিনি পরিবর্তন দেখছেন একজন মানুষের মধ্যে, তিনি তারেক রহমান। তিনি চেষ্টা করছেন। তিনি নতুন নতুন নজির স্থাপন করছেন। সেই নজিরকে যদি সবাই মিলে সামনে নিয়ে যাওয়া যায়, তাহলে হয়তো বা পরিবর্তনটা হবে। সে জন্য সবাই মিলে প্রধানমন্ত্রীকে সমর্থন দেওয়া দরকার।

৮৬ ডেপুটি অ্যাটর্নি ও ১৭৯

জেনারেল নিয়োগ দিয়েছে সরকার। বৃহস্পতিবার (৩০ জুলাই) রত্নপতিরা আদেশক্রমে তাদের নিয়োগ দিয়ে আইন মন্ত্রণালয়ের সলিসিটর কার্যালয় থেকে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। একইসঙ্গে আগের সব ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও সহকারী অ্যাটর্নি জেনারেলদের নিয়োগ বাতিল করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, সব ডেপুটি অ্যাটর্নি-জেনারেল ও সহকারী অ্যাটর্নি জেনারেলের নিয়োগ আদেশ বাতিলপূর্বক ‘বাংলাদেশ ল অফিসার্স অর্ডার, হাইস্কিন সেভেটি টু (পি. ও. নং সিঙ্গ অব ১৯৭২)’-এর ৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতা বলে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত ৮৬ জনকে বাংলাদেশের ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও ১৭৯ জনকে বাংলাদেশের সহকারী নিয়োগ দেওয়া হলো।

নতুন কোন কর আরোপ না করে

কীর্তনখোলা নদীর পশ্চিম তীরে শহর রক্ষা বাঁধ নির্মাণে ৫৩৩ কোটি টাকার প্রকল্পের কথাও বাতিলে উল্লেখ করা হয়েছে। বাজেট বন্ধুত্বের জানানো হয়, রূপান্তরী সারক্ষেপ এয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু হয়েছে এবং বেলতলা ট্রিটমেন্ট প্ল্যান্ট পল্লুর প্রস্তুতি লছে। অবশ্যতের পানির চাহিদা পূরণে কীর্তনখোলা সারক্ষেপ ওলাটার ট্রিটমেন্ট প্ল্যান্টের জন্য উন্নয়ন প্রকল্প প্রস্তাবও প্রস্তুত করা হয়েছে। এছাড়া নগরীর বিভিন্ন এলাকায় নতুন পাইপলাইন স্থান আন্য়ান্ত রয়েছে। গত অর্থবছরে ১৭ হাজার ৬৪টি নতুন পানির সংযোগ অনুমোদন দেওয়া হয়েছে। এদিকে নাগরিকদের জন্য নতুন পানি সংযোগ আবেদন থেকে অনুমোদন পর্যন্ত পুরো প্রক্রিয়া অনলাইনে চালু করা হয়েছে। আগামী অর্থবছরে নগরীতে পানির এটিএম নতুন স্বপ স্থাপনেরও ঘোষণা দেওয়া হয়েছে। প্রতিদিন প্রায় ২০০ টন বর্জ্য অপসারণ করছে সিটি কর্পোরেশন। দক্ষিণ ধরনের একটি প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরের মাধ্যমে আর্থনিক বর্জ্য ব্যবস্থানা ও বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া ৪টি ডাম্প ট্রাক, একটি মেডিকেল বর্জ্যবাহী কম্প্যাক্টর ট্রাক এবং একটি ডাক্কামা ট্রাক সংগ্রহ করা হয়েছে। গত ঈদুল আজহায় সরকারি নির্মিত ১১ ঘন্টার পরিবর্তে মাত্র ৬ ঘন্টায় কোরবানির বর্জ্য অপসারণের তথ্যও তুলে ধরা হয়। বাজেট নারীদের জন্য আধুনিক পাবলিক টয়লেট নির্মাণ, নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ মার্কেট, অসম্পূর্ণ নারীদের আইনি সহায়তা এবং মঞ্জুরী নারীদের জন্য হোস্টেল নির্মাণের উদ্যোগের কথা বলা হয়েছে। শিশুদের জন্য এনি সিটি পার্ক সংস্কার, নতুন রাইড স্থাপন, খেলাধুলার সরঞ্জাম ত্রয় এবং বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনেও বরাদ্দ রাখা হয়েছে। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় আগামী অর্থবছরে ৫০ হাজার বৃক্ষরোপণের ঘোষণা দেওয়া হয়েছে। পাশাপাশি নগরীর সৌন্দর্যবর্ধনে নতুন ঘোষারা, মাচি উন্নয়ন, আলোকসজ্জা এবং লাইব্রেরি স্থাপন করা হবে। পানির জাল্য় নির্মাণের বিষয়ও তুলে ধরা হয়। কর আয়াম, ট্রেড লাইসেন্স, ভবনের নকশা অনুমোদন, ভূমি ব্যবহার ছাড়পত্রসহ বিভিন্ন নাগরিক সেবা অনলাইনে নিয়ে আবার ঘোষণা দেওয়া হয়েছে। প্রশাসকের দাবি, এতে সেবার দ্রুতি বাড়বে এবং হয়রানি কমেবে। প্রশাসকের দায়িত্ব গ্রহণের পর ৪২ কিলোমিটার বিটুমেন রাসপার্টিং সড়ক, ৪ দশমিক ৫ কিলোমিটার আরসিসি সড়ক, ৮ দশমিক ৫ কিলোমিটার সিঙ্গি সড়ক এবং ১৬ দশমিক ৫ কিলোমিটার আরসিসি ড্রেন নির্মাণের তথ্য তুলে ধরা হয়। আরও জানানো হয়, নগরী আলোকায়নে প্রায় ২৪ কোটি ৭৫ লাখ ৯৯ হাজার টাকার কর্তৃপ্ত মহলায়নে পািনো হচ্ছে রয়েছে। অনুমোদন মিলে ১৬ হাজারের বেশি বৈদ্যুতিক যুটি ও ২০ হাজারের বেশি নতুন সড়কবাতি স্থাপন করা হবে। গত অর্থবছরে ১০ হাজার ৪৯৯ জন নারী ও শিশুকে নিয়মিত টিকা দেওয়া হয়েছে। হাম-রুপলা টিকাদান কর্মসূচিতে ৪৩ হাজার ৮৫০ জন এবং ভিটামিন-এ প্রদান কর্মসূচিতে ৫৮ হাজার ৫৫৭ জন শিশুকে অঙ্কুত করা হয়েছে। আগামী অর্থবছর থেকে নগরীর ভিনেটি জোনে নারী ও শিশুদের জন্য বিনামূল্যে চিকিৎসােবা ও শুশুর পরামর্শের পরিকল্পনা রয়েছে। বরিশাল প্রেসবোর্ড ও বরিশাল রিপোর্টিং ইউনিটের ভ্রমণ সংস্কারের জন্যও ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেটে প্রায়ের বরাদ্দ রাখা হয়েছে। বাজেট বন্ধুত্বের শেখদিকে প্রশাসক বলেন, সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার, দুর্নীতি প্রতিরোধ এবং অচয়্য রোধের মাধ্যমে নাগরিক সেবার মান আরও উন্নত করা হবে। তিনি নগরবাসী, সাংবাদিক, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং সকল শ্রেণি-পেশার মানুষের সংযোগিতা কামিনা বলেন, ‘কর বৃদ্ধি না করেও নগরবাসী আগের চেয়ে আরও বেশি নাগরিক সুবিধা পাবেন। সবাইকে সঙ্গে নিয়েই একটি আধুনিক, পরিচ্ছন্ন, সুস্থ ও শান্তি বরিশাল গড়ে তুলতে চাই বলে আশাবাদ ব্যক্ত করেন বিসিসি প্রশাসক আড্ড. বিলকিস আক্তার জাহান শরীন।

বরিশালে তরুণ্য এবং সম্ভাবনার

বিশ্ববিদ্যালয়ের যারা শিক্ষার্থী যারা উদ্যোগী হবে, যারা তরুণ, যাদের ওপর ভবিষ্যৎ বাংলাদেশ, তাদেরকে এর সাথে যুক্ত করার জন্য এমন কার্যক্রম হাতে নেয়া হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. মাহমুদ অর রশিদ জানান, বর্তমানে বাংলাদেশে উচ্চ শিক্ষা রূপান্তরের দিকে যাচ্ছে। দক্ষতা ও প্রযুক্তি নির্ভর উচ্চ শিক্ষা আমরা চাচ্ছি। শিক্ষার্থীরা যাতে তাদের শিক্ষা জীবন সফল করে শুধু চাকুরির পেছনে না ঘুরে উদ্যোগী হয়ে পারে ও দেশের উৎপাদনে ভূমিকা রাখতে পারে সে লক্ষেই এ আয়োজনে। সেমিনারে শিক্ষার্থীদের চাকুরির পাশাপাশি উদ্যোগী হতে করণীয় বিষয়ে আলোচনা করা হয়। এ সেমিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা অংশ নেন।

সম্মাকে খুন করে জেলে

কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে ধারণাে অস্ত্র দিয়ে মাথায় কোপ দেবে। এতে ঘটনাস্থলেই শালোয়া আঙোরের মৃত্যু হয়। প্রতিবেশী পাশে মোতা বসেন, ‘?রাহিম ৬-৭ বছর আগে তার মাঝকে একইভাবে খুন করে দীর্ঘদিন জেলে ছিল। এখন সে জামিনে রয়েছে। সে দেশা করছো।’ বিষয়টি নিশ্চিত করে ফরদপুর কোতোয়ালি থানার পরিদর্শক সুকান্ত দত্ত বলেন, অভিযুক্ত মানসিকভাবে অসুস্থ ও দেশা করতেন বলে জানা গেছে। তাকে আরিগের চেষ্টা চলছে।

প্রচণ্ড গরমে বাংলাদেশের আর্থিক

জলস আড্ড গ্রোথ ফ্রম এগ্রট্রিম ফিই ইন সাউথ এশিয়াস সিটিজ’ড শিরোনামে প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, দিলের তাপমাত্রা ৩৭ ডিগ্রি সেলসিয়াস পার হলেই আর্থিক ক্ষতির এই পরিমাণ লক্ষিয়ে বাড়ে। এতে বলা হয়েছে, ‘প্রচণ্ড গরমেের কারণে কর্মক্ষমতা কমে যাওয়ায় ২০২৪ সালে বাংলাদেশে আর্থানুমানিক ১ দশমিক ৩ থেকে ১ দশমিক ৮ বিলিয়ন মার্কিন ডলার আর্থিক ক্ষতি হয়েছে। এই ক্ষতির পরিমাণ দেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) দশমিক ৩ থেকে দশমিক ৪ শতাংশের সমান। তাইমাত্রা ৩৭ ডিগ্রি সেলসিয়াসের বেশি হলে এই উৎপাদনশীলতা কমে যাওয়ার কারণে ক্ষতির পরিমাণ দ্রুত বেড়ে য়া।’ প্রতিবেদনে জানানো হয়, প্রচণ্ড তাপমাত্রােের সবচেয়ে বেশি প্রভাব পড়বে ঢাকায়। অসহ্য গরমের কারণে রাজধানীতে বছরে প্রায় ৭ শতাংশ কর্মক্ষমতা নষ্ট হচ্ছে, যা প্রতি বছর প্রায় ৪ লাখ ৫০ হাজার পূর্বকালীন চাকরি হারানোর সমতুল্য। এই পরিস্থিতি অব্যাহত থাকলে ২০৮০ খ্রিস্টাব্দে মূল্য টাকায় ক্ষতির পরিমাণ দ্বিগুণেরও বেশি বেড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। তখন ঢাকার উৎপাদনশীল সময়ের প্রায় ৭ দশমিক ৪ শতাংশই গরমের পেটে চলা যেতে পারে। বিশ্বব্যাপে আরও জানিয়েছে, গরমের কারণে বাংলাদেশে তৈরি পোশাক খাতও এখন বহু শতকোটি ডলারের ঝুঁকির মুখে। আন্তর্জাতিক শ্রম সংস্থা (ইনি)রশালোর তৃতীয় যুগ্ম দায়রা আদালতের বানী ছিলেন। কাছ থেকে ৫ লাখ টাকা ঋণ নেন। উক্ত ঋণ পরিশোধের নিমিত্তে আলাউদ্দিন রূপালী ব্যকে লিমিটেড, বরিশাল বাজার রোড শাখার একটি ক্রেত প্রদান করেন। ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ, পাকিস্তান, ভিয়েতনাম ও

কম্বোডিয়ার পোশাক খাতকে সব মিলিয়ে প্রায় ৬৫ দশমিক ৮ বিলিয়ন (৬ হাজার ৫৮০ কোটি) ডলারের রঙানি আয় হারাতে হতে পারে। তবে সঠিক ও লক্ষ্যভিত্তিক অর্থায়নের মাধ্যমে এই চিত্র বদলে দেওয়া সম্ভব বলেও মনে করে বিশ্বব্যাংক। প্রতিবেদনে বলা হয়, পোশাক কারখানায় বিদ্যুৎ ও পানি-সামগ্রী যন্ত্রপাতি বসাতে এবং কাজের পরিবেশ উন্নত করার লক্ষ্যে ২০১৬ সালে সরকার ‘খিন ট্রান্সফরমেশন ফান্ড’ গঠন করে। অস্ত্র কয়েকটি কারখানা নিয়ে শুরু হলেও সেই উদ্যোগ আজ পুরো তৈরি পোশাক খাতের রূপান্তরে বড় অবদান রাখছে। পরবর্তী সময়ে আইএফসির ‘পার্টনারশিপ ফর ক্লাদার টেক্সটাইল’ এবং টেকসই ঋণ সহায়তার মাধ্যমে এই রূপান্তরকে আরও জোরদার করা হয়। প্রতিবেদনে উল্লেখ করা হয়, ২০২৫ সালের শেষ নাগাদ বাংলাদেশে ‘লিভারশিপ ইন এনার্জি অ্যান্ড এনভায়রনমেন্টাল ডিজাইন’ (লিড) সনদপ্রাপ্ত পোশাক কারখানার সংখ্যা ২৭০ ছাড়িয়ে গেছে। প্রতিবেদনে পোশাক খাতের এক সামাজিক সংকেটের বিষয়ও উঠে এসেছে। অতিরিক্ত গরমের কারণে কারখানাগুলোতে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ শেষ করতে পারছেন না নারী শ্রমিকেরা। এর ফলে তাঁদের ওপর সহিৎসতা ও নির্যাতনের ঝুঁকি বাড়ছে বলে বিশ্বব্যাপে জানায়। শুধু বাংলাদেশ নয়, পুরো দক্ষিণ এশিয়া জুড়েই এখন এই গরমের তাড়ণ লড়েছে। প্রচণ্ড তাপমাত্রােের কারণে এই অঞ্চলে প্রতি বছর প্রায় ৩ কোটি ১০ লাখ পূর্বকালীন কাজের সমপরিমাণ ক্ষতি হচ্ছে। এর প্রভাবে ২০৫০ সালের মধ্যে দক্ষিণ এশিয়ার অর্থনীতি প্রায় ৭ শতাংশ সংকুচিত হতে পারে। অথচ ২০৫০ সালের মধ্যে দক্ষিণ এশিয়ার অর্থনীতিতে নতুন করে প্রায় ২৮ কোটি কর্মক্ষম মানুষ যুক্ত হওয়ার কথা রয়েছে। ঠিক এমন সময়ে এই তাপমাত্রা বৃদ্ধি কর্মসংস্থান, উৎপাদনশীলতা এবং দীর্ঘমেয়াদি অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য ঊর্ধ্বতনে বড় ঝমকি হয়ে দাঁড়িয়েছে। বিশ্বব্যাংক হিসেব করে দেখেছে, ২০ ৭০ সাল নাগাদ দক্ষিণ এশিয়ার প্রায় ৫২ কোটি মানুষ বছরের অন্তত এক মাস চরম ও বিপজ্জনক গরমের মুখামুখি হবেজ্বা়া বর্তমান পরিস্থিতির চেয়ে চার গুণ বেশি। স্বাস্থ্যঝুঁকির বিষয়টি উঠে এসেছে ‘গ্লোবাল বার্ডেন অব ডিজিজের’ তথ্যেও। প্রতিবেদনটিতে তাদের উদ্ধৃতি দিয়ে বলা হয়, ২০০০ সালের তুলনায় ২০২৩ সালে বাংলাদেশে ও ভারতে তাপমাত্রােেে মৃত্যুর সংখ্যা দ্বিগুণ হয়েছে। আর শীলম্বায় এই মৃত্যু বেড়ে পৌছেছে প্রায় চার গুণে। প্রতিবেদনে আরও বলা হয়েছে, ‘প্রচণ্ড গরম ইতিমধ্যেই শ্রমিকদের কর্মক্ষমতা কমিয়ে দিচ্ছে, ব্যসা-বাণিজ্যে ব্যাঘাত ঘটানো হচ্ছে এবং দক্ষিণ এশিয়ার শহরগুলোর অর্থনীতিকে সক্ষমতাকে ঝুঁকির মুখে ফেলছে। এর পাশাপাশি স্বাস্থ্যব্যবস্থা ও জলকি অবকাঠামোর ওপর চাপ বাড়ানো। তবে সবচেয়ে বেশি ক্ষতির শিকার হচ্ছেন কম আয়ের মানুষ, অপ্রাতিষ্ঠানিক খাতের শ্রমিক, নারী, গ্রামীণ ও শিশুরা।’ দক্ষিণ এশিয়া অঞ্চলে বিশ্বব্যাংকের সহসভাপতি জোহানেস জুট বলেন, উত্পাদনশমীল নগর পাড়ে তোলার বিষয়টি কেবল মানুষকে গরম থেকে বচানোর উপায় নয়। এর মূল লক্ষ্য হলো মানুষের চাকরি রক্ষা করা, উৎপাদনশীলতা বৃদ্ধানো, নতুন বিনিয়োগ আকর্ষণ করা এবং শহরের অর্থনৈতিক প্রবৃদ্ধির ঢাকা সচল নারী। এখন থেকেই সঠিক পদক্ষেপ নিলে দেশগুলো এখন টেকসই, প্রতিযোগিতামূলক ও চমককার বসায়যোগ্য শহর পাড়ে তুলতে পারবে, যা ভবিষ্যৎ প্রজন্মের জন্য নতুন সম্ভাবনার দুরায় খুলে দেবে।

আগস্ট মাসে জ্বালানি

৫ টাকা বাড়ায় সরকার। সেইে দাম জুলাই মাসে অপ্রিবর্তিত থাকে। এনআগস্ট মাসেও তা অপ্রিবর্তিত থাকবে। বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য হ্রাস/বৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য রেখে দেশে প্রতিমাসে ভোক্তাপর্যােে একটি মন্তব্যমত সমস্বয় করে তাকে জ্বালানি বিভাগ।

বরিশাল সিভিল সার্জনের অপসারণ দাবিতে

তাদের দাবি, এমন একজন কর্মকর্তাকে বরিশালের মতো গুরুত্বপূর্ণ জায়গার সিভিল সার্জনের দায়িত্ব দেওয়ায় স্বাস্থ্যখাতের ভাবমূর্ত্তি ক্ষুণ্ণ হয়েছে। এ কারণে তােেে অবিলম্বে অপসারণ করে একজন স্বং ও যোগ্য কর্মকর্তাকে দায়িত্ব দেওয়ার আহ্বান জানান তারা। এর আগে আদোলনের চতুর্থ দিনে (২৯ জুলাই) বরিশাল জেলা সিভিল সার্জনের কার্যালয়ের সামনে সংবাদ সম্মেলন করে ২৪ ঘন্টার আন্টিমোটম বৈশ্বম্যবিরোধী আদোলনের সমন্বয়কারীরা। ওই সংবাদ সম্মেলনে অভিযোগ করেন, ডা. মনিরুজ্জামানকে সিভিল সার্জন হিসেবে নিয়োগ দেওয়ার মাধ্যমে জেলার স্বাস্থ্যসেবা বৈধতা প্রশ্নবিক হয়েছ। সাক্ষির হোসেন বলেন, ডা. মনিরুজ্জামান পৌরনীতি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দীর্ঘদিন কর্মরত থাকাকালে তার বিরুদ্ধে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ ওঠে। তিনি দাবি করেন, শু্রু পৌরনীতি নয়, অগৈলপাড়ািসহ আশাপাশের এলাকাতেও এসব অভিযোগ নিয়ে সাধারণ মানুষের মধ্যে কলহে ছিল। তার ভাষা অনুযায়ী, ওই সমস্রা নুনায়ীরা ঝাড়ু মিছিল, মানববাহিনী এবং সড়ক অবরোধসহ বিভিন্ন কর্মসূচিও পালন করেছিলেন। একপর্যায়ে তাকে ওএসডি করা হয়েছিল বলেও তিনি দাবি করেন। সংবাদ সম্মেলনে সাক্ষির হোসেন আরও বলেন, নির্ধারিত ২৪ ঘন্টার মধ্যে সরকার বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোনো পদক্ষেপ গ্রহণ না করায় তারা নতুন কর্মসূচি হিসেবে জেলা প্রশাসকের কার্যালয় রোওগের সিদ্ধান্ত নেন। তিনি বলেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত আদোলন চলবে এবং প্রয়োজনে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে। আদোলনের আরও সমন্বয়ক লাবণ্য রহমান বলেন, ‘এটি কোনো ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থে নয়; বরিশালের মানুষের নিরাপদ ও মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার দাবিতে আমাদের এই আদোলন। জনগণের স্বার্থে আমরা এই কর্মসূচি চালিয়ে যাচ্ছি।’ টানা পাঁচ দিন ধরে আদোলন চললেও অল্পসংখ্যকারীর সংখ্যা খুব বেশি বাড়েনি। গত ২৯ জুলাই অবস্থান কর্মসূচিতে প্রায় ১৫ জন অংশ নিলেও বৃহস্পতিবার সেই সংখ্যা বেড়ে ১৭ জনে দাঁড়ায়। সীমিত সংখ্যক অংশগ্রহণের সত্ত্বেও বরিশাল জেলা সিভিল সার্জনের কার্যালয়টি নিয়ে মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে। কেউ কেউ মনে করছেন, জেলা প্রশাসক কার্যালয়ের স্বাভাবিক কার্যক্রমে বড় ধরনের কোনো বিঘ্ন ঘটেনি। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা পরিস্থিতি পর্যবেক্ষণ করেন এবং কর্মসূচি শান্তিপূর্ণভাবেই শেষ হয়।

ফেসবুকে খালোদা জিয়াকে

মো. বাবুল হোসেনের ছেলে অভিযুক্ত ধীন মুহাম্মদ (৩০) তার ব্যক্তিগত ফেসবুক আইডি থেকে বেগম খালোদা জিয়া এবং অন্য একটি রাজনৈতিক ছবির সমন্বয়ে একটি পোস্ট আপলোড করেন। উক্ত পোস্টের কাগশনে বেগম খালোদা জিয়াকে নিয়ে অত্যন্ত কুরুচিপূর্ণ, বিভ্রান্তিকর ও অপমানজনক মন্তব্য করা হয়। এই ধরনের বক্তব্য একজন সম্মানিত সাবেক প্রধানমন্ত্রীর সম্মানহানি করার পাশাপাশি সামাজিকভাবে তাকে হেয় প্রতিপন্ন করা হয়েছে। ভবিষ্যতে এই ফেসবুক আইডি থেকে জাতীয়তাবাদী দল বিএনপির বড় ধরনের ক্ষতিরও আশংকা করা হচ্ছে। এ ঘটনায় স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মী ও সমর্থকদের মধ্যে তীব্র কোভের সৃষ্টি হয়েছে। গির্জিতি দায়ের শেষে মো. রাসেদুল ইসলাম বলেন, বেগমম খালোদা জিয়া দেশের তিনবাবের সাবেক সফল প্রধানমন্ত্রী ও একটি শীর্ষ রাজনৈতিক দলের অভিভাবা। তার বিরুদ্ধে ফেসবুকে এমন কুরুচিপূর্ণ ও অপপ্রচারমূলক মন্তব্য কোনোভাবেই সহ্য করার মতো নয়। আমরা এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি এবং দোষী ব্যক্তিকে দ্রুত চিহ্নিত করে আদায় আওতাধ আনার জোে দাবি জানাচ্ছি।’ ৭৭মেছাবারাদ থানার ডায়াক্সার কর্মকর্তা (এসি) মেহেদীন হাসান ঘটনা নিশ্চিত করে এই প্রতিবেদককে জানান, জিডিটি গ্রহণ করা হয়েছে। সাইবার অপরাধ সন্ধান্ত এই বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে এবং সবততা মিললে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেক ডিজঅনার মামলার মূল উদ্দেশ্য

তিন মাসের মধ্যে পরিশোধের নির্দেশ দেওয়া হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে টাকা পরিশোধ না করলে আসামিকে দুই মাসের কারাদণ্ড ভোগ করতে হবে। তবে কারাদণ্ড হলেও অর্থদণ্ড পরিশোধের দায় থেকে মিলি মুক্তি পাবেন না। রায়ে ‘আমান উল্লাহ বনাম রত্না’ মামলার নজির তুলে ধরে হাইকোর্ট বলেন, এনআই আন্টের ১৩৮ ধারায় কারাদণ্ড দেওয়া একটি অতি কঠোর সাজা, যা থেকে কোনো শাস্তিমূলক উদ্দেশ্য অর্জিত হয় না। ওই মামলার দেওয়া নীতির সঙ্গে আদালত সম্পূর্ণ অঙ্গত বলেও উল্লেখ করেন। মামলার নথি অনুযায়ী, গবাদিপশুর ব্যবসায় উদ্দেশ্যে আসামি মো. আলাউদ্দিন বাদীর (যিনি বরিশালের তৃতীয় যুগ্ম দায়রা আদালতের বানী ছিলেন) কাছ থেকে ৫ লাখ টাকা ঋণ নেন। উক্ত ঋণ পরিশোধের নিমিত্তে আলাউদ্দিন রূপালী ব্যকে লিমিটেড, বরিশাল বাজার রোড শাখার একটি ক্রেত প্রদান করেন। ২০২০ সালের ২ নভেম্বর চেকটি ব্যাংকে জমা দিলে পর্যাঁত

তহবিল না থাকার কারণে তা (চেক) নাকচ (ডিজঅনার) হয়। পরবর্তী সময়ে আইনি নোটিশ প্রদান ও নির্দিষ্ট মেয়াদে টাকা পরিশোধে ব্যর্থ হওয়ায় বাদী ২০২০ সালের ২০ ডিসেম্বর বরিশালের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (আমলি আদালত) আদালতে এনআই আন্টের আইনে (সি.আর.) মামলা দায়ের করেন। আদালত মামলাটি আমলে নিয়ে তা বরিশাল দায়রা জজ আদালতে পাঠান। দায়রা জজ মামলাটি বরিশাল তৃতীয় যুগ্ম দায়রা জজ আদালতে স্থানান্তর করেন। ওই আদালত ২০২১ সালের ১৪ অক্টোবর এআই আন্টের ১৩৮ ধারায় আসামি আলা উদ্দিনের বিরুদ্ধে অভিযোগ গঠন করেন। এরপর ২০২২ সালের ১৮ জানুয়ারি বরিশালের তৃতীয় যুগ্ম দায়রা জজ আদালত আসামি মো. আলাউদ্দিনকে এনআই আন্টের ১৩৮ ধারায় দোষী সাব্যস্ত করে ছয় মাসের বিনাম্স কারাদণ্ড এবং চেের সমপরিমাণ ৫ লাখ টাকা অর্থদণ্ড করেন। পরে অর্থদণ্ডের অর্ধেক (২ লাখ ৫০ হাজার) টাকা জমা দিয়ে বরিশাল দায়রা জজ আদালতে আপিল করেন আসামি আলাউদ্দিন। পরে আপিল আদালত ‘বরিশাল দ্রুত বিচার ট্রাইব্যুনাল ও বিশেষ দায়রা জজ’ ২০২২ সালের ১৪ ডিসেম্বর কারাদণ্ড ও অর্থদণ্ড বহাল রেখে আসামির আপিল খারিজ করে দেন। বিচারিক আদালতের ওই রায়ের বিরুদ্ধে সংস্কৃদ্ধ হয়ে আসামি আলাউদ্দিন হাইকোর্টে রিভিনা আবেদন করেন। গত ২২ জুলাই হাইকোর্ট বিচারিক আদালতের রায় বাতিলে জারি করা রুল খারিজ করে অর্থদণ্ড বহাল রাখেন। পাশাপাশি বিচারিক আদালতের রায়ের সাজার অংশটি ন্যায় বিচারের স্বার্থে সংশোধন করে তা (কারাদণ্ড) বাতিল করে দেন। অর্থাৎ আসামির অর্থদণ্ড বহাল রেখে কারাদণ্ড বাতিল করে দেন আদালত। রায়ের কপি প্রাপ্তির তিনি মাসের মধ্যে আসামিকে (আলাউদ্দিন) ডিজঅনার চেের অংশি অংশ অর্থাৎ ২ লাখ ৫০ হাজার টাকা পরিশোধের নির্দেশ দেন আদালত। আদালে ডিউর আদালত দুই মাসের কারাদণ্ড ভোগ করতে হবে। তবে কারাদণ্ড ভোগ করলেও তিনি জরিমানা পরিশোধের দায় থেকে অব্যাহতি পাবেন না এবং যৌরকারি কার্যবিধির ৩৬৬ ধারা অনুযায়ী আদালত উক্ত টাকা আদায় করা হবে বলে রায়ে উল্লেখ করেছেন আদালত।

লটারিতে গণপূর্তের ৭৬৭ উপ-

কার্যালয়ের বিভিন্ন শাখায় দায়িত্ব দেওয়া হয়েছে। অতিরিক্ত সচিব মো. সরোয়ার আলম বলেন, লটারির মাধ্যমে দলিত কার্যক্রম পরিচালনার ফলে স্বচ্ছতা, নিরপেক্ষতা ও জনবদ্বিত্যে নিশ্চিত হবে। একই সঙ্গে মানবসম্পদ ব্যবস্থাপনার একটি কার্যকর, আর্থনিক ও গ্রহবায়োগ্য প্রক্রিয়ার সূচনা হলো। গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী কাজী মো. ফিরোজ হাসান বলেন, গ্রথমবাবের মতো এ ধরনের লটারিভিত্তিক বদলি কার্যক্রম একৌশলীপের মধ্যে আড়া, সমতা ও স্বচ্ছতা প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অত্যাঁনে গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মো. খালেদুজ্জামান চৌধুরী, যুগ্মসচিব মোহাম্মদ মিজানুর রহমান, যুগ্মসচিব বেলুগা খান উপস্থিত ছিলেন। আগামী সপ্তাহে একই পদ্ধতিতে গণপূর্ত অধিদপ্তরের ইলেক্ট্রোমেকানিক্যাল শাখার উপ-সহকারী প্রকৌশলীদের বদলি কার্যক্রমও লটারির মাধ্যমে সম্পন্ন করা হবে বলেও জানিয়েছে গণপূর্ত মহন্তালয়।

বিজেপি নেতার ব্যবসায়ীকে মারধরের

জাতীয় পার্টির (বিজেপি) অহোয়াক আবুল কালাম মাতকর। এ বিষয়ে অনুসন্ধানে ভেলার স্থানীয় গণমাধ্যম ভেলার বাণীর ফেসবুক পেজে প্রকাশিত একটি ভিডিও প্রতিবেদন খুঁজে পাওয়া যায়। উক্ত ভিডিওর সাথে আলোচিত দাবিতে প্রচারিত ফুটেজের মিল রয়েছে। উক্ত ভিডিও থেকে জানা যায়, ভুক্তভোগী ব্যক্তি এ বিষয়ে কোনো মন্তব্য না করলেও অভিযুক্ত বিজেপি নেতা চরসামাইয়া ইউনিটের সচিব আবুল কালাম মাতকর ভেলার স্থানীয় গণমাধ্যম ভেলার বাণীর ফেসবুক পেজে প্রকাশিত একটি ভিডিও প্রতিবেদন থেকে পরিবর্তিত ও আরণগত সমসার বিভিন্ন অভিযোগ তোলেন। এছাড়া, উক্ত ঘটনালি বিজেপির চেয়ারম্যান বিজেপি ও ভেলা-১ সদর আসনের সংসদ সদস্য ব্যারিস্টার আদালিব রহমান পার্শের নব্বের আসনে তিনি ভুক্তভোগীর পাশে থাকার এবং আইনি সহায়তা দেওয়ার কথা জানান। অর্থাৎ, ব্যবসায়ীকে মারধর করা ব্যক্তি জামাআতের

